

পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	: মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ কালাই, জয়পুরহাট।
সভার তারিখ	: ২০/১২/২০২৩খ্রিঃ।
সময়	: সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান	: উপজেলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ, কালাই, জয়পুরহাট।
সভায় উপস্থিতি	: “পরিশিষ্ট-ক” সদয় দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সভাপতি উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করেন। সদস্য সচিব উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নিম্নবর্ণিত আলোচ্যসূচি উপস্থাপন করেন।

আলোচনাঃ ০১

সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালাই, জয়পুরহাট জানান যে, বিআরডিবি হলরুমের দেওয়ালে ফাটল দেখা দিয়েছে। ০৩ (তিন) বছর পূর্বে ৩/৪ টি গাছ হলরুমের উপরে পড়ে ফলে হলরুমের দেওয়ালে বড় ধরনের ফাটল দেখা যায়। বর্তমানে হলরুমের অবস্থা অত্যন্ত নাজুক। যে কোন সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটেতে পারে। বিআরডিবি সদর দপ্তরে জানানোর পরও ফান্ডের অভাবে মেরামত করা সম্ভব হয় নাই। বিষয়টি সভায় সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, অত্র দপ্তরের সমবায়ী ও অন্যান্য দপ্তরের বিভিন্ন প্রশিক্ষণ অত্র হলরুমে হয়ে থাকে। যেহেতু অত্র দপ্তরের বাজেট বরাদ্দ অপ্রতুল থাকায় উপজেলা পরিষদের রাজস্ব বা অন্যান্য কোন খাত হতে বরাদ্দ দেওয়া হলে হল রুমটি সংস্কার ও আধুনিকায়ন করা সম্ভব হবে। হলরুমটি আধুনিকায়ন করা হলে প্রশিক্ষণসহ সভা সেমিনার বা যে কোন অনুষ্ঠানের জন্য হলরুমটি ব্যবহার উপযোগী হবে। উপজেলা পরিষদের ফান্ড থেকে মেরামতের জন্য উপজেলা পরিষদ এর সভায় উপস্থাপন করার জন্য অনুমোদন করা হয়। বিষয়টি উপজেলা পল্লী উন্নয়ন অফিসার কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

সিদ্ধান্তঃ ০১

সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালাই, জয়পুরহাট উপরিউক্ত বিষয়ে উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য বলা হয় এবং এ বিষয়ে সার্বিক সহযোগিতার জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনাঃ ০২

সভায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোছাঃ সাবানা আক্তার
মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ, কালাই, জয়পুরহাট।